

ড্যাফোডিল ভার্শিটিতে ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো অনুষ্ঠিত

🕒 ২০ জুলাই ২০১৮, ০০:০০

নয়া দিগন্ত

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, সম্ভানের পর একটি মানুষের পরবর্তী স্বপ্নই হচ্ছে একটি বাড়ি আর বাংলাদেশের প্রতিটি মানুষের এটি সাংবিধানিক অধিকার। তিনি গতকাল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (রিহ্যাব) যৌথ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে আয়োজিত ‘ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো ২০১৮’ এর উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন। ড্যাফোডিল ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলামের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন রিহ্যাবের সভাপতি আলমগীর শামসুল আলামিন। অনুষ্ঠানে ‘বাংলাদেশের অর্থনীতিতে আবাসন শিল্পের অবদান’ শীর্ষক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন শেলটেক প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. তৌফিক এম সিরাজ। বক্তব্য রাখেন প্রোভিসি অধ্যাপক ড. এস এম মাহবুবুল হক মজুমদার, বাণিজ্য ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মাসুম ইকবাল, ডিপার্টমেন্ট অব রিয়েল এস্টেটের বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক নূরুল মোহাম্মদ জায়েদ, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান, গৃহনির্মাণ প্রতিষ্ঠান টোকিওর ব্যবস্থাপনা পরিচালক মুমতাজুল করিমসহ আবাসন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা। বিজ্ঞপ্তি।